

## এহরাম অবস্থায় নিষিদ্ধ কার্যসমূহ

- ★ স্ত্রীসহবাস কিংবা তৎসম্পর্কীয় কোনরূপ আলোচনা ও কর্ম ।
- ★ পাপ কর্ম এমনিতেও হারাম কিন্তু এহরাম অবস্থায় তাহা আরো জঘন্যতম অপরাধ ।
- ★ সঙ্গী-সাথীদের সঙ্গে বা অপর কাহারো সঙ্গে ঝগড়া বিবাদ করা ।
- ★ সেলাইযুক্ত কাপড় পরিধান করা যেমন- জামা, পায়জামা, টুপি, গেঞ্জি, মোজা, আচকান, দস্তানা ইত্যাদি । তবে মহিলাগণ সেলাই করা কাপড় পরিধান করিতে পারিবে ।
- ★ কোন প্রকার খুশবু বা সুগন্ধী ব্যবহার করা ।
- ★ ঘুমন্ত কিংবা জাগ্রত অবস্থায়, ইচ্ছাকৃত হটক বা অনিচ্ছাকৃত সর্বাবস্থায় মস্তক অথবা চেহারা আবৃত করা । মহিলাগণ মাথায় কাপড় রাখিবে কিন্তু চেহারায় কাপড় রাখিবে না ।
- ★ এমন জুতা ব্যবহার করা যাহা দ্বারা পায়ের মধ্যবর্তী হাড় ঢাকা পড়িয়া যায় । মহিলাগণ যে কোন ধরনের জুতা ব্যবহার করিতে পারিবে ।
- ★ স্থলজ প্রাণী শিকার করা বা এই বিষয়ে কোনরূপ সহযোগিতা করা । উকুন মারা, মশা মারা ইত্যাদি ।
- ★ নখ, চুল কাটা বা ছিড়িয়া ফেলা, ক্ষোরকার্য করা ।